

স্মারক নং-৩৮.০০১.০০৪.০০.০০.০০১.২০১১-২২০

তারিখঃ ১৮ পৌষ, ১৪২৩ বঙ্গাব্দ  
০১ জানুয়ারি, ২০১৭ খ্রিষ্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মো: আবুল কাশেম, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রাজশাহী হিসেবে কর্মরত আছেন;

যেহেতু, গত ১০/১১/২০১৬ তারিখে ব্যক্তিগত শুনানীকালে রাজশাহী শহরের পদ্মা আবাসিক এলাকার মহানন্দা প্রকল্পে আরডিএ প্রদত্ত একটি প্লট তার নামে বরাদ্দ প্রাপ্ত;

যেহেতু, তিনি সচিব মহোদয়ের সম্মুখে সরাসরি মিথ্যাচার করে উক্ত জমি তার বাবার নামে বলে উল্লেখ করেন;

যেহেতু, পরবর্তীতে লিখিত জবাবে তিনি স্বীকার করেছেন বাড়িটি তার নামে;

যেহেতু, তার বাড়ি করার পূর্বে সরকারের কোন অনুমতি নেননি;


যেহেতু, তার উপরিউক্ত কার্যকলাপ সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী অসদাচরণ ও দায়িত্ব পালনে অবহেলার শামিল;

সেহেতু, জনাব মো: আবুল কাশেম, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রাজশাহী-কে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ১১(১) মোতাবেক চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি প্রচলিত বিধি মোতাবেক খোরাকী ভাতা (Subsistence Allowance) প্রাপ্য হবেন। সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি বিভাগীয় উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, রাজশাহী বিভাগ, রাজশাহী-এর কার্যালয়ে সংযুক্ত থাকবেন।

৩। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



(মোহাম্মদ আসিফ-উজ-জামান)

ভারপ্রাপ্ত সচিব


ফোন: ৯৫৭১৮০১

স্মারক নং-৩৮.০০১.০০৪.০০.০০.০০১.২০১১-২২০

তারিখঃ ১৮ পৌষ, ১৪২৩ বঙ্গাব্দ  
০১ জানুয়ারি, ২০১৭ খ্রিষ্টাব্দ

অনুলিপি-সদয় অবগতি/কার্যার্থে:

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ২। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।  
(গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ৩। সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৫। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, রাজশাহী।
- ৬। প্রোগ্রামার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- ৭। জনাব মো: আবুল কাশেম, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সাময়িক বরখাস্ত), রাজশাহী।
- ৮। অফিস কপি।

  
০১/০১/১৭  
(নাসরিন জাহান)  
উপ সচিব (প্রশা-১)